

সভাপতি : জনাব দে: তাহমিনা হক,
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।

সভার তারিখ ও সময় : ৩০ সেপ্টেম্বর ২০২১, বেলা ২:০০ টা।

স্থান : সভাপতির অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : (স্বাক্ষরের ক্রমানুসারে)।

ক্রঃ নং	নাম	পদবী ও ঠিকানা
০১	দে: তাহমিনা হক	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০২	মো: বেলায়েত হোসেন	চেয়ারম্যান, এলাসিন ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৩	হানিফুজ্জামান লিটন	চেয়ারম্যান, পাথরাইল ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৪	ইঞ্জিঃ মো: সিরাজুল ইসলাম মল্লিক	চেয়ারম্যান, আটিয়া ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৫	মো: শামীম হোসেন	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উক্ত সভা পরিচালনার জন্য সভাপতি মহোদয় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইলকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন ও দৃঢ়ীকরণ।	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং আলোচনা করা হয়।	আলোচনান্তে পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :				
২	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর মূল কর্মসূচী, পদাবিক,সদাবিক,পল্লী প্রগতি প্রকল্প ও অস্বচ্ছল মুক্তিযোদ্ধা প্রকল্পের সমবায় কার্যক্রম ও ঋণ কার্যক্রম স্বাভাবিকভাবে এগিয়ে চলছে। পিআরডিপি-৩প্রকল্পের ভিডিসি,ইউসিসিএম,প্রশিক্ষণ ও স্কীম লক্ষ্যমাত্রা তহবিল বরাদ্দ অনুযায়ী কার্যক্রম অব্যাহত আছে।	দাণ্ডরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।
৩	চেয়ারম্যান এলাসিন ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, এলাসিন ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে সাম্প্রতিক বন্যায় ও অতি বৃষ্টির কারণে ক্ষতিগ্রস্ত রাস্তাগুলো অতিব জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য সভায় উপস্থাপন করেন।	পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান এলাসিন ইউপি।
৪	চেয়ারম্যান পাথরাইল ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, পাথরাইল ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের বিভিন্ন ভাতাভোগীদের ব্যাংক হিসাব মধুমতি ব্যাংকে খোলার জন্য সভায় উপস্থাপন করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি বিধান অনুসরণ পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হয় এবং এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান পাথরাইল ইউপি।

(স্বাক্ষর)

ক্রম নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫	চেয়ারম্যান আটিয়া ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, আটিয়া ইউপি সভায় জানান যে, নান্দাপাড়া বাজার হতে হিঙ্গানগর ব্রীজ পর্যন্ত ভায়া গড়াসিন সরকারী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন মাত্র ৫০০ মিটার বেরীবাধ না থাকায় যে কোন সময়ে রাস্তা ভেঙ্গে গিয়ে গ্রামগুলো পানিতে প্রাবিত হয়ে যেতে পারে এবং বড় ধরণের দুর্ঘটনা ঘটতে পারে। তাই তিনি বেরীবাধ নির্মাণ করার জন্য পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইলকে পত্র দেওয়ার জন্য সভায় উপস্থাপন করেন।	সভায় বিস্তারিত আলোচনাতে বেরীবাধ নির্মাণ করার জন্য পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইলকে পত্র দেওয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান আটিয়া ইউপি
৬	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার।	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেলদুয়ার তাঁর সমাপনী বক্তব্যে বলেন আমরা সকলেই স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করবো। সংশ্লিষ্ট সকলের আন্তরিকতা, দক্ষতা ও নিবিড় তদারকির মাধ্যমে উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত করার আহ্বান জানান। এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সভায় বিস্তারিত আলোচনাতে এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



(দে: তাহমিনা হক)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।

তারিখ : ৩০/০৯/২০২১ খ্রি:

স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.০৬.০০৩-১৭-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৩। উপজেলা প্রকৌশলী, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৪।..... অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।


উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
দেলদুয়ার, টাঙ্গাইল।